

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ
dss.harinakundu.jhenaidah.gov.bd

তাগিদপত্র
সীমিত

স্মারক নম্বর: ৪১.০১.৪৪১৪.০০০.৯৯.০০১.১৯.২

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫

০৩ মার্চ ২০১৯

বিষয়: জনাব মোছা: ফিরোজা বেগম (স্বেচ্ছায় অবসর গ্রহণকারী), ইউনিয়ন সমাজকর্মী, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ এর বিরুদ্ধে ক্ষুদ্রঋণের অর্থ আত্মসাতের কারণে দায়েরকৃত মামলার হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্র: ৪১.০১.০০০০.০৪২.০১.১৬৫.১৮.৪১৮ ২৭ ফেব্রুয়ারি ২০১৯

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বর্ণিত কর্মচারীর নিকট হতে ১৭,১৫,৬০৯ টাকা আদায়ের লক্ষ্যে তার বিরুদ্ধে PDR Act অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে, যার নং ০১, তারিখ: ২৮/১০/২০১৪। জেনারেল সার্টিফিকেট অফিসার উক্ত মামলাটির শুনানী অব্যাহত রেখেছেন। ইতিমধ্যে ২৫/১১/১৪ তারিখে ১৮,০০০ টাকা জমা হয়েছে এবং অভিযুক্তের কাছে বর্তমানে ১৬,৯৭,৬০৯ টাকা পাওনা রয়েছে।

২। স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের কারণে বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে হরিণাকুণ্ডু থানায় ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে, যার নং ০৪, তারিখ: ০৮/১২/২০১৪, ধারা ৪৬৭/৪৬৮/৪০৬/৪০৯/৪২০/পিসি। উক্ত থানা মামলাটি উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর এ তদন্তভার গ্রহণের জন্য প্রেরণ করেছেন। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর এর স্মারক নং দুদক/সজেক/যশোর/২৬৬৪, তারিখ ০৯/০৯/১৫ মোতাবেক চাহিত রেকর্ডপত্র জন্ম করার জন্য অত্র কার্যালয়ের স্মারক নং ৪১.০১.৪৪১৪.০০০.০১৬.৫৫.০৯-৩০৭, তারিখ : ১৫/০৯/১৫ প্রাপ্তি অনুযায়ী সরবরাহ করা হয়। দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, যশোর সূত্রে জানা যায় মামলাটির চার্জশীট গঠন প্রক্রিয়াধীন আছে। যা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



৩-৩-২০১৯

মোঃ কৌশিক খান

উপজেলা সমাজসেবা অফিসার

পরিচালক

কার্যক্রম অধিশাখা

সমাজসেবা অধিদফতর

স্মারক নম্বর: ৪১.০১.৪৪১৪.০০০.৯৯.০০১.১৯.২/১

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫

০৩ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপ পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, ঝিনাইদহ



৩-৩-২০১৯

মোঃ কৌশিক খান

উপজেলা সমাজসেবা অফিসার